রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৪৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১, ২০১৮

সূচিপত্র


| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ম | খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৪৯—৬৭৪ |
| ২য় | খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১৯৫—১২৪০ |
| ৩য় | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৪৫—২৪৬ |
| ৪র্থ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম | খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল | নাই |
| ৬ষ্ঠ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৪১৫—২৬৩০ |
| ৭ম | খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারিকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম | খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| | ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) | ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) | ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) | ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) | ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) | ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) | ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ সেপ্টেম্বর ২০১৮

নং ১২.০০.০০০০.০৫২.২৭.০৯৭.১৬.৮৫১—যেহেতু, জনাব তানিয়া জেসমিন, প্রাক্তন কৃষি প্রকৌশলী (নন-ক্যাডার ১ম শ্রেণি), উপজেলা কৃষি অফিস, মিরসরাই, চট্টগ্রামের বিরুদ্ধে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির জন্য কৃষি মন্ত্রণালয়ের ০১ নভেম্বর ২০১৬ তারিখের ১২.০০.০০০০.০৫২.২৭.০৯৭.১৬.৯০৮ সংখ্যক স্মারকমূলে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও বিধি ৩(সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (মামলা নং-০৫/২০১৬) রুজু করতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের জবাবে মামলা সংশ্লিষ্ট কোন জবাব প্রদান না করায় বিভাগীয় মামলার অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও বিধি ৩(সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(সি) অনুযায়ী 'চাকরি হতে অপসারণ (Removal form Service)' দন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধমালার বিধি ৭(৬) বিধি অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, জনাব তানিয়া জেসমিন কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(সি) অনুযায়ী 'চাকরি হতে অপসারণ (Removal from Service)' দন্ড প্রদানের বিষয়ে একই বিধিমালার ৭(৭) বিধিমতে মতামত প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়কে অনুরোধ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় জনাব তানিয়া জেসমিন-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩) উপবিধির (সি) অনুযায়ী কৃষি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত গুরুদন্ড [চাকরি হতে অপসারণ (Removal from Service)] আরোপের সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করে;

সেহেতু, জনাব তানিয়া জেসমিন, প্রাক্তন কৃষি প্রকৌশলী (নন-ক্যাডার ১ম শ্রেণি), উপজেলা কৃষি অফিস, মিরসরাই, চট্টগ্রাম-কে কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৪ জানুয়ারি ২০১৬ তারিখ থেকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ বিধি ৪(৩)(সি) অনুযায়ী 'চাকরি হতে অপসারণ (Removal from Service)' দন্ড প্রদান করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নাসিরুজ্জামান**
ভারপ্রাপ্ত সচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ ভাদ্র, ১৪২৫/১০ সেপ্টেম্বর ২০১৮

নং **৩৯.০০.০০০০.০১২.০০২.১০.১৮-১৪২**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরে 'বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহকে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্র বাছাই ও অনুদান প্রদানের সুপারিশের জন্য নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১। অতিরিক্ত সচিব (বিপ্র), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। মহাপরিচালক, ব্যান্সডক, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।

৩। মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।

৪। যুগ্ম প্রধান (উপ্রউ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। ড. মোঃ আব্দুস ছাত্তার মিয়া, প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ধানমন্ডি, ঢাকা।

৬। ড. মোঃ মজিবুর রহমান, পরমাণু শক্তি কমিশনের আন্তর্জাতিক বিষয়ক বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও পরিচালক বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।

**সদস্য-সচিব**

৭। জনাব মোঃ রবিউল ইসলাম, যুগ্মসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রবিউল ইসলাম**
যুগ্মসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৫/১২ সেপ্টেম্বর ২০১৮

নং **৩৯.৫০২.০০০০.০০৭.০৬.০০৯.১২.২৪৮**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)-এর "পরিচালনা বোর্ড" নিম্নরূপে পুর্নগঠন করা হলো:

**সভাপতি**

(ক) সচিব, বিজ্ঞান ও পযুক্তি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(খ) অতিরিক্ত সচিব (বিপ্রউ), বিজ্ঞান ও পযুক্তি মন্ত্রণালয়

(গ) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা দূর অনুধাবন প্রতিষ্ঠান।

(ঘ) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

(ঙ) চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)।

(চ) যুগ্মসচিব (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়

(ছ) জনাব কাজী আরিফুজ্জামান, যুগ্মসচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

(জ) জনাব মোঃ আঃ গাফফার খান, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(ঝ) অধ্যাপক ডঃ জি. এম. তারেকুল ইসলাম, ইনস্টিটিউট অব ওয়াটার এ্যান্ড ফ্লাড ম্যানেজমেন্ট (আইডব্লিউএফএম) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(ঞ) অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

(ট) (i) অধ্যাপক ড. এ. এ. মামুন, পদার্থ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

(ii) অধ্যাপক ড. মোঃ শাহজাহান, রসায়ন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(iii) প্রফেসর ড. মীর্জা হাছানুজ্জামান, কৃষিতত্ত্ব বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(ঠ) মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)

২। "বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার(ব্যান্সডক) আইন, ২০১০" এর ধারা ৭ এ বর্ণিত বিধান অনুসারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিচালনা বোর্ড পুনর্গঠন করা হলো।

৩। পরিচালনা বোর্ডের সদস্যগণ "বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার(ব্যান্সডক) আইন, ২০১০" এর বিধান অনুসারে প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন করবেন।

৪। সদস্যগণ তাদের মনোনয়নের তারিখ থেকে ৩ (তিন) বছর মেয়াদের জন্য সদস্য পদে বহাল থাকবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আঃ কুদ্দুস দেওয়ান**
উপসচিব।

**মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-জামস**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৯ সেপ্টেম্বর ২০১৮

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৮১.১৮-৭৫**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সালের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা (১) (ঘ) (ঙ) ও (ছ) মোতাবেক জেলা প্রশাসক, খুলনা এর সুপারিশের ভিত্তিতে নিম্নোক্ত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার খুলনা জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

| ক্র: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১)(ঘ) | শিক্ষিকা | জনাব মুক্তি রায় (অবঃ শিক্ষক)<br>সিনিয়র সহ সভাপতি, মহানগর মহিলা আওয়ামীলীগ, খুলনা। | সদস্য |
| ০২ | ১০(১)(ঙ) | সমাজসেবী | এ্যাডঃ সুলতানা রহমান শিল্পী,<br>এ্যাডভোকেট, জেলা জজ কোর্ট, খুলনা। | সদস্য |
| ০৩ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব সৈয়দা অধ্যাপিকা হোসনেয়ারা রুনু<br>সাবেক চেয়ারম্যান, জেলা জাতীয় মহিলা সংস্থা, খুলনা। | চেয়ারম্যান |
| ০৪ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব বলাকা রায়,<br>পিতা: সুহাস রায়, ৪৮, ফারাজীপাড়া রোড, খুলনা। | সদস্য |
| ০৫ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব হালিমা ইসলাম<br>স্বামী: শাহিনুল ইসলাম, ৪৫, সাউথ সেন্টাল রোড, খুলনা। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ০৩ নং ক্রমিকের জনাব সৈয়দা অধ্যাপিকা হোসনেয়ারা রুনু উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দু' বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রেজাউল হক**
সহকারী সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**জনসাস্থ্য-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৫ বঃ/১০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ

নং **৪৫.০০.০০০০.১৬১.০১৩.০৯.১৭-৩৩৫**—'বহুখাতভিত্তিক অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কর্মপরিকল্পনা (২০১৮-২০২১)' অনুযায়ী আন্তঃমন্ত্রণালয় প্রতিনিধি সমন্বয়ে নিম্নরূপভাবে 'অসংক্রামক রোগ প্রতিরোধ/নিয়ন্ত্রণে বহুখাতভিত্তিক জাতীয় সমন্বয় কমিটি' (NMNCC) গঠন করা হলোঃ

ক) **কমিটির গঠন:**

**সভাপতি**

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্য সচিব**

২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

৩. প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় (যুগ্মসচিবের নিচে নয়)

৪. প্রতিনিধি, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

৫. অতিরিক্ত সচিব, জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৬. প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

৭. প্রতিনিধি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

৮. প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

৯. প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

১০. প্রতিনিধি, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

১১. প্রতিনিধি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

১২. প্রতিনিধি, খাদ্য মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

১৩. প্রতিনিধি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

১৪. প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

১৫. প্রতিনিধি, বানিজ্য মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

১৬. প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

১৭. প্রতিনিধি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

১৮. প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

১৯. প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

২০. প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

২১. প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

২২. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড অথবা উপযুক্ত প্রতিনিধি।

২৩. মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)।

২৪. প্রতিনিধি, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

২৫. প্রতিনিধি, ধর্মবিষয়ক মন্ত্রণালয়(যুগ্মসচিবের নিচে নয়)।

২৬. প্রতিনিধি, ভূমি মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

২৭. প্রতিনিধি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)।

২৮. প্রতিনিধি, বেসরকারী সংস্থা (২ জন) (সদস্য সচিব কর্তৃক মনোনীত)।

২৯. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।

৩০. অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর।

৩১. প্রতিনিধি, এনজিও/আইএনজিও (সদস্য সচিব কর্তৃক মনোনীত)।

৩২. প্রতিনিধি, শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান (২ জন) (সদস্য সচিব কর্তৃক মনোনীত।

৩৩. প্রতিনিধি, সাংবাদিক ও গণমাধ্যম কর্মী সংগঠন/ প্রতিষ্ঠান (২ জন) (সদস্য সচিব কর্তৃক মনোনীত)।

৩৪. প্রতিনিধি, ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান (সদস্য সচিব কর্তৃক মনোনীত)।

৩৫. কান্ট্রি প্রতিনিধি, WHO/UNICEF/FAO

**যুগ্ম সদস্য সচিববৃন্দ**

৩৬. যুগ্মসচিব (জনস্বাস্থ্য-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩৭. লাইন ডাইরেক্টর, এনসিডিসি।

(খ) <u>কার্যপরিধি</u>

১) সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রণীত নীতি, কৌশল, কর্মপরিকল্পনা এবং ব্যবস্থাপনায় অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের বিষয়টি অন্তর্ভুক্তকরণ ও সমন্বয়:

২) অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষে সংশ্লিষ্ট খাতসমূহের অঙ্গীকার বাস্তবায়নের নেতৃত্ব ও নির্দেশনা;

৩) এনসিডি প্রতিরোধ ও নিয়ন্ত্রণে প্রাধিকার নির্বাচন ও নীতি উন্নয়নে সংলাপ প্রোমোট করার লক্ষ্যে একটি প্রগতিশীল প্ল্যাটফরম তৈরি করা;

৪) এনসিডি নিয়ন্ত্রণে বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনার জন্য অর্থসংস্থান ও বাস্তবায়ন সহজতর করা;

৫) জাতীয় ও আঞ্চলিক (national & sub-national) পর্যায়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও অগ্রগতি পর্যালোচনা;

৬) অসংক্রামক রোগ নিয়ন্ত্রণের বিষয়টি মূলধারায় নিয়ে আসার জন্য জাতীয়, জেলা, উপজেলা ও সামাজিক পর্যায়ে প্রযুক্তিগত সহযোগিতার সমন্বয় ঘটানো;

৭) অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির বাৎসরিক প্রতিবেদন অনুমোদন ও প্রচার;

৮) অসংক্রামক রোগ সংক্রান্ত আন্তঃসরকার প্রতিশ্রুতির বাস্তবায়ন;

৯) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(গ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ রুহুল আমিন তালুকদার**
যুগ্মসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/১ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৬.২৭.০০৪.১৭-৫৫**—যেহেতু, জনাব নাশির আহমেদ, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এর জেলার পদে কর্মরত থাকাকালে (বর্তমানে জেলার, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার) কোনরূপ যাচাই-বাছাই না করে হাজতী মোঃ হোসেন এর পরিবর্তে হাজতী তারেক উদ্দিনকে জামিনে মুক্তি প্রদান করার কারণে তাঁর বিরুদ্ধে **১৯৮৫** সালের সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ৩(বি) মোতাবেক অদক্ষতার অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়।

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ০৭-০৬-২০১৭ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করায় ব্যক্তিগত শুনানি গ্রহন করতঃ ন্যায় বিচারের স্বার্থে অভিযোগের বিষয়টি বিধিমতে তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য মন্ত্রণালয়ের সিনিয়র সহকারি সচিব (বর্তমানে উপসচিব) জনাব মুহাম্মদ আবদুর রউফ মিয়াকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা সিনিয়র সহকারি সচিব (বর্তমানে উপসচিব) জনাব মুহাম্মদ আবদুর রউফ মিয়া গত ২২-০৮-২০১৭ তারিখের তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অস্পষ্টতা থাকায়

তদন্তকারী কর্মকর্তাকে পুনরায় তদন্ত প্রতিবেদন দাখিল করতে বলা হয়। বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা কর্তৃক গত ০৬-০২-২০১৮ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে জনাব নাশির আহমেদ এর বিরুদ্ধে আনীত আভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তদ্‌প্রেক্ষিতে নাশির আহমেদ-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ বিধিমালার ৪ (৩) (ডি) অনুযায়ী কেন তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত (Dismissal froms Service) করা হবে না দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি তার জবাব দাখিল করেন।

৩। যেহেতু, বিভাগীয় মামলায় জনাব নাশির আহমেদ কর্তৃক দাখিলকৃত জবাবসমূহ, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, মামলা সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক জনাব নাশির আহমেদকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ (বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো।

৪। সেহেতু, জনাব নাশির আহমেদ, জেলার, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার (পূর্বতন জেলার, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২)-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্তপূর্বক একই বিধিমালার ৪(২) এর (এ) উপবিধি অনুযায়ী 'তিরস্কার' (Censure) দন্ড প্রদান করা হলো।

**ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী**
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৯ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ/০৩ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৪.২০১৮-৫৮৬**—চট্টগ্রাম জেলার পাঁচলাইশ মডেল থানার পিটিশন মামলা নং-১৯/২০১৮ (পাঁচলাইশ), পিটিশন মামলা নং-২০/২০১৮ (পাঁচলাইশ) এবং সি আর মামলা নং-২৪৪/১৮ (পাঁচলাইশ) এ উল্লিখিত আসামিদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালতে মামলা রুজু/তদন্তের লক্ষে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ: ২১ ভাদ্র ১৪২৫/০৫ সেপ্টেম্বর ২০১৮

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮-৫৯৪**—কিশোরগঞ্জ জেলার কিশোরগঞ্জ মডেল থানার মামলা নং-১৪, তারিখ:-১০-০৭-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত পিস্তল, চাপাতি, চাইনিজ কুড়াল, ব্যাগ ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জননিরাপত্তা বিপন্ন, জনসাধারণের মধ্যে আতঙ্ক সৃষ্টি ও বহিঃ বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ন করার উদ্দেশ্যে পূর্ব পরিকল্পিতভাবে আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক দ্রব্য, ধারালো অস্ত্র ব্যবহারের মাধ্যমে পুলিশ ও জনগণের উপর আক্রমণ করে তাদেরকে হত্যা, জখম করাসহ অবৈধ অস্ত্র গুলি নিজ হেফাজতে রাখা, ব্যবহার, অপরাধ সংঘটনে প্ররোচনা প্রদান ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৯৫**—বগুড়া জেলার বগুড়া সদর থানার মামলা নং-৯৫, তারিখ:-২০-১০-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভন্ন প্রকার জিহাদী বই, মোবাইল ফোন, ল্যাপটপ, ব্যাগ ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমানিত হয়েছে যে, আসামীরা জেএমবির সদস্য হয়ে জিহাদী বই বিতরণের মাধ্যমে শিক্ষাদান ও শিক্ষা গ্রহণ করে দেশ ও বিদেশে সন্ত্রাসী কার্যকলাপের মাধ্যমে ব্যক্তি বা রাষ্ট্রের ক্ষতি সাধনের উদ্দেশ্যে ষড়যন্ত্র ও প্ররোচনা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৯৬**—সিলেট জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-৩৪, তারিখঃ-১৪-০৩-২০১৮ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই, ছুরি, চাপাতি ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জননিরাপত্তা ও দেশের সার্বভৌমত্ব বিপন্ন করা, প্রজাতন্ত্রের ক্ষতিসাধন করার উদ্দেশ্যে জনগণের মধ্যে ধর্মীয় জিহাদ ও আতঙ্ক সৃষ্টি করে সরকার ও আইন প্রয়োগকারী সংস্থাকে আইনগত কার্য করা হতে বিরত রাখার উদ্দেশ্যে ষড়যন্ত্রে লিপ্ত হয়ে পরস্পরকে সহায়তা ও প্ররোচনা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৯৭**—রাজশাহী জেলার বাঘা থানার মামলা নং-২৭, তারিখঃ-৩১-১০-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত পিস্তল, ম্যাগাজিন, বিভিন্ন প্রকার জিহাদী বই অবৈধ অস্ত্র ইত্যাদি জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা অবৈধ অস্ত্র এবং সরকার বিরোধী, উস্কানীমূলক লেখা বই নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৯৮—নওগাঁ জেলার আত্রাই থানার মামলা নং-১০, তারিখঃ-১৬-১১-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত পিস্তল, গুলি, গ্রেনেড, ইলেট্রিক তার ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ সংগঠনের সদস্য হয়ে রাষ্ট্রীয় সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন ও রাষ্ট্রের তথা জনসাধারণের ক্ষতি সাধনকল্পে পরস্পর যোগসাজসে অপরাধ সংগঠনের ষড়যন্ত্র ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৯৯—গাজীপুর জেলার জয়দেবপুর থানার মামলা নং-৮৮, তারিখঃ-১২-০৬-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত ছোরা,চাপাতি,ককটেল, পেট্রোল বোমা, বিভিন্ন প্রকার জিহাদী বই, ইলেকট্রিক ডিভাইস ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নাশকতামূলক কর্মকান্ড সংঘটিত করে ত্রাস সৃষ্টির প্রচেষ্টায় লিপ্ত থাকার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৬০০—চাঁপাইনবাবগঞ্জ জেলার চাঁপাইনবাবগঞ্জ সদর থানার মামলা নং-৫৬, তারিখঃ ৩০-১১-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত পিস্তল, বটি, ডেটোনেটর, অবিস্ফোরিত বোমা ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে সংহতি, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন ও জনসাধারণের মধ্যে আতঙ্ক সৃষ্টির উদ্দেশ্যে বিস্ফোরক দ্রব্য ও আগ্নেয়াস্ত্র মজুদ রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৬০১—রাজশাহী জেলার তানোর থানার মামলা নং-১৬, তারিখঃ-১৮-০২-২০১৮ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত ব্যাগ, গান পাউডার, বিভিন্ন প্রকার জিহাদী বই, লিফলেট, রশিদ বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ সংগঠনের সদস্য হয়ে সংগঠনকে সমর্থন, অপরাধ সংগঠনের ষড়যন্ত্র, সহায়তা ও প্ররোচনার করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৬০২—ময়মনসিংহ জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-০৯, তারিখঃ-০৪-০৪-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য মালামাল জব্দ তালিকামূলে জব্দ করে। জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ সত্তার সমর্থন, কর্মকান্ড গতিশীল এবং উৎসাহিত করার উদ্দেশ্যে অপরাধ সংগঠনের ষড়যন্ত্র ও সন্ত্রাসীকার্য পরিচালনার প্রচেষ্টা করার অপরাধেজড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৬০৩—গাজীপুর জেলার জয়দেবপুর থানার মামলা নং-৩৭, তারিখঃ-০৯-১০-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত অস্ত্র, বিভিন্ন প্রকার জিহদী বই, লিফলেট, ম্যাগাজিন ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে সংহতি, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন ও বহিঃবিশ্বে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন করার উদ্দেশ্যে গ্রেনেড হামলা ও গুলি করে জনসাধারণের মধ্যে আতঙ্ক সৃষ্টি করে সন্ত্রাসী কার্য সংগঠন, সহায়তা ও প্ররোচনা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা বেগম**
উপসচিব।

---

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আশ্বিন, ১৪২৫ বঃ/১৯ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ

নং ০৩.০৬৮.০২২.০৮.০০.০১২.২০১৬-৫৪৫—পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষের "জাতীয় অগ্রাধিকার প্রকল্প বিধিমালা-২০১৮" এর বিধি-৩(২) উপবিধি (১) অনুসারে প্রকল্প প্রস্তাব যাচাই এর নিমিত্ত নিম্নবর্ণিত 'প্রকল্প প্রস্তাব যাচাই কমিটি' গঠন করা হলো :

**সভাপতি**

(ক) মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়

**সদস্যবৃন্দ**

(খ) প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধি

(গ) প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় সংশ্লিষ্ট প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক

(ঘ) পিপিপি কর্তৃপক্ষের প্রতিনিধি

**সদস্য সচিব**

(ঙ) পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়

২। উক্ত কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউল হক**
পরিচালক-১।

অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রকল্প ব্যবস্থাপনা অধিশাখা-২

প্রজ্ঞাপন

তারিখ : ১৮ সেপ্টেম্বর ২০১৮

নং **৫৩.০০.০০০০.৪৩২.১৪.০০১.১৬-১৪৭**—দি ইউএই-বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (UBICO) এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এর ৪৩ ও ৪৪ ধারা অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাবেক সিনিয়র সচিব জনাব ইউনুসুর রহমান এর স্থলে জনাব মোঃ আসাদুল ইসলাম, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত UBICO এর পরিচালনা পর্ষদে ডেপুটি চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয়া হ'ল।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুর্শেদা জামান**
উপসচিব।

---

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অধিশাখা-৩ (শুল্ক)

শোক বার্তা

তারিখ : ১২ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৮০.১১-৫২২**—বিসিএস (কাস্টমস এন্ড এক্সাইজ) ক্যাডারের ২২ তম ব্যাচের কর্মকর্তা জনাব মোঃ আশরাফুল ইসলাম, অতিরিক্ত কমিশনার (প্রেষণে পরিচালক, দুর্নীতি দমন কমিশন) গত ১৫-০৮-২০১৮ তারিখ রোজ বুধবার সকাল ১১.২০ ঘটিকায় ইউনির্ভাসেল মেডিকেল কলেজ এন্ড হাসপাতালে (সাবেক আয়েশা মেমোরিয়াল হাসপাতাল) হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। জনাব মোঃ আশরাফুল ইসলাম ০১ জুলাই, ১৯৭৬ তারিখে পঞ্চগড় জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১০ ডিসেম্বর, ২০০৩ তারিখে বিসিএস (কাস্টমস এন্ড এক্সাইজ) ক্যাডারে যোগদান করেন এবং ২৪ জুলাই, ২০১৭ তারিখে অতিরিক্ত কমিশনার পদে পদোন্নতি লাভ করেন।

৩। জনাব মোঃ আশরাফুল ইসলাম দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ন, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও ০১ পুত্রসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব মোঃ আশরাফুল ইসলাম এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তার রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**মোহাম্মদ নূরুল আবছার**
অতিরিক্ত সচিব
(সিনিয়র সচিবের রুটিন দায়িত্বে)।

---

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ সেপ্টেম্বর ২০১৮

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০১১.১৭-৫২৬**—দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন(বাংলাদেশ) লিমিটেড এর সংঘ-স্মারক (Memorandum of Association) এর ২৫ ধারা মোতাবেক উক্ত কর্পোরেশনের পরিচালনা পর্ষদের পরিচালক ড. রাখাল চন্দ্র বর্মণ এর স্থলে বেগম রুহী রহমান, অতিরিক্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইদুর রহমান**
উপসচিব।

---

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অধিশাখা-২ (কর)

আদেশ

তারিখ : ২৯ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১৩ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নং **০৮.০০.০০০০.০৩৭.২৭.০১৭.১৪.৬৯২**—যেহেতু, জনাব মোঃ আব্দুর রাজ্জাক, উপ কর কমিশনার, কর অঞ্চল-বরিশাল-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (মামলা নং-০৩/২০১৪) রুজু করে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৫-০৫-২০১৪ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.২৭.০১৭.১৪.২৩৭ সংখ্যক স্মারকে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

২। যেহেতু, জনাব মোঃ আব্দুর রাজ্জাক উক্ত কারণ দর্শানো নোটিসের জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। কিন্তু কর্তৃপক্ষের নিকট তাঁর দাখিলকৃত লিখিত ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত জবাবের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ আব্দুর রউফ, অতিরিক্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক পেশকৃত ০৪-০৫-২০১৫ তারিখের প্রতিবেদনে তার বিরুদ্ধে "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মত প্রদান করা হয়;

৩। যেহেতু, জনাব মোঃ আব্দুর রাজ্জাক কর্তৃক দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, অভিযোগ সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় জনান মোঃ আব্দুর রাজ্জাক এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হয়নি;

৪। সেহেতু, জনাব মোঃ আব্দুর রাজ্জাক, উপ কর কমিশনার, কর অঞ্চল-বরিশাল (বর্তমান উপ কর কমিশনার, কর অঞ্চল-৪, ঢাকা)-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) {(সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ)} অনুযায়ী অসদাচরণ এর অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি**
সিনিয়র সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ১৪ ভাদ্র, ১৪২৫ বঃ/২৯ আগস্ট ২০১৮ খ্রিঃ

নং আর-৬/৭এন-১৬/২০১৮-৩৭৬—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মুন্সিগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব রেশমা আক্তার, পিতাঃ মোঃ ইউসুফ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**যুব-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ/১২ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৩৪.০০.০০০০.০৫১.০৬.০৮৩.১৬-৩৭৭—শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮ এর ১১ ধারা অনুযায়ী নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একাডেমিক কাউন্সিল গঠন করা হল :

**চেয়ারম্যান**

১। মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

**সদস্যবৃন্দ**

২। পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

৩। বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের রেক্টর কর্তৃক মনোনীত প্রশিক্ষণ বা গবেষণা সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ একজন পরিচালক

৪। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক মনোনীত প্রশিক্ষণ বা গবেষণা সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ একজন পরিচালক

৫। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বা সহযোগী অধ্যাপক পদমর্যাদার তিনজন শিক্ষক, যাহাদের মধ্যে একজন বিশেষায়িত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হইবেন।

৬। কারিগরি ও মাদ্রাসা বিভাগ কর্তৃক মনোনীত বিশেষায়িত কলেজ অথবা বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক

৭। ইনস্টিটিউটের সকল শাখা, বিভাগ, অনুষদ প্রধান, যদি থাকে

৮। বাংলাদেশ ইনস্টিউট অফ ডেভেলপমেন্ট স্টাডিজ কর্তৃক মনোনীত উহার একজন প্রতিনিধি

৯। জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

১০। রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শামছুল আরিফ**
সিনিয়র সহকারী সচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**
**বেতার-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ।

নং ১৫.০০.০০০০.০২১.১৮.৮০০.১২.৩৭৭—বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্রের উপ-আঞ্চলিক প্রকৌশলী জনাব আবুল হাছান মোহাম্মদ ফয়সাল-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ১২(১) বিধি মোতাবেক চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১২ ভাদ্র ১৪২৫/২৭ আগস্ট ২০১৮

নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৮.১৫(অংশ)-৩৮৬—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন)(১৯৭৬সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল ঃ

| ক্রমিক নং | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা? | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | ঐতিহাসিক রাজা হরিশ চন্দ্রের পাঠ<br>গ্রাম-হরিশ চন্দ্র পাঠ<br>ইউনিয়ন-খুটামারা<br>ডাকঘর-খুটামারা<br>উপজেলা-জলঢাকা<br>জেলা-নীলফামারী। | হরিশ চন্দ্র পাঠ | ১নং শ্রেণী: ভিটা | ৭৯৬ | ০.৪৫ | পূর্ব- আবুল কালাম (৭৯১) ও রাস্তা<br>পশ্চিম- হরিশ চন্দ্র পাঠ সরকারী প্রাথমিক বিদ্যালয়<br>উত্তর-আশরাফুল (৭০৬)<br>দক্ষিণ-আশরাফ হোসেন (৭৯৯) | ১নং খাস খতিয়ানভুক্ত | ১নং খাস খতিয়ানভুক্ত সম্পত্তি হওয়ায় ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে মালিকানা হস্তান্তরে সম্মত। | বর্তমানে স্থানটি ছোট আকারের মন্দির হিসেবে ব্যবহৃত হচ্ছে। প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট হস্তান্তরের ক্ষেত্রে স্থানীয় জনসাধারণ ও মন্দির ব্যবহারকারীদের কোন আপত্তি নেই। |

তারিখ : ০১ আশ্বিন ১৪২৫/১৬ সেপ্টেম্বর ২০১৮

নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.৪৭.১৫(অংশ-২)-৪২৯—১৯৬৮ ইং সালের (১৯৭৬ ইং সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা? | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | কাউরিয়া বড়দাকান্ত মিত্রের পঞ্চরত্ন মঠ (হিজলা মঠ)<br>গ্রাম-গুয়াবাড়িয়া<br>উপজেলা-হিজলা<br>জেলা-বরিশাল। | কোড়ালিয়া/ ১২০ | ১৭৭ | ৭৩৬ | ০.০১ | উত্তরে-৭৩৭ নং দাগ<br>দক্ষিণে- ৭৩৭ নং দাগ<br>পূর্বে- ৭৩৭ নং দাগ<br>পশ্চিমে- ৭৩৭ নং দাগ | আর টি গোপাল চন্দ্র পিতা-বদাকান্ত মিত্র | হ্যাঁ | ভিপি তালিকাভুক্ত ভিপি কেস নং ৭১৩/৬৯ |

তারিখ : ০২ আশ্বিন ১৪২৫/১৭ সেপ্টেম্বর ২০১৮

নং ৪৩.০০.০০০০.১১৪.০২৬.২০২.১৮-৪৩৪—১৯৬৮ ইং সালের (১৯৭৬ ইং সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা? | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | উলানিয়া চৌধুরীবাড়ি পাক্কা বাড়ি ও কাচারিবাড়ি<br>গ্রাম-উলানিয়া<br>উপজেলা-মেহেদিগঞ্জ<br>জেলা-বরিশাল। | উলানিয়া জে, এল-৬১ | ৪১/১৮৬ | ১৪-বাড়ি<br>১৫-বাড়ি<br>১৬-বাড়ি<br>১৭-বাড়ি<br>১৮-বাড়ি<br>১৯-ভিটা<br>২০-ভিটা<br>২১-বাড়ি | ০.৩৬ একর<br>০.১৬ একর<br>০.০২ একর<br>০.০২ একর<br>০.০২ একর<br>০.০৭ একর<br>০.০৪ একর<br>০.০৪ একর | উত্তরে-আঃ লতিফ চৌধুরী<br>দক্ষিণে-সৈয়দ আশরাফ<br>পূর্বে-রাস্তা<br>পশ্চিমে-আবু ওরফে সামছুদ্দিন চৌধুরী। | আবদুল আজাহার চৌধুরী, স্টেটের মোতয়াল্লী আব্দুল রতিফ চৌধুরী, পিং আজাহার চৌধূরী | সম্মতি আছে। | পাকা বাড়ি |
| | | | | ৩৯ বাড়ি | ০.০৩ একর | উত্তরে-রাস্তা, দক্ষিণে-এজমালি পুকুর<br>পশ্চিমে-বাড়ি। | আবদুল আজাহার চৌধুরী, স্টেটের মোতয়াল্লী আব্দুল রতিফ চৌধুরী, পিং আজাহার চৌধূরী | সম্মতি আছে। | কাচারী আছে। |
| | | | ৮৬ | ১৭২-বাড়ি | ০.০৭ একর | উত্তরে-রাস্তা,<br>দক্ষিণে-মালিক নিজ<br>পূর্বে-মালিক নিজ<br>পশ্চিমে-মালিক নিজ | খোরশেদ আলম, সামসুদ্দিন পিং আঃ কাদের চৌধুরী | সম্মতি আছে। | কাচারী আছে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অসীম কুমার দে**
উপসচিব।

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
## তদন্ত ও শৃঙ্খলা শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২১ ভাদ্র ১৪২৫ /০৫ সেপ্টেম্বর ২০১৮

নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০১৪.১৮-২২১—যেহেতু, জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম সরকার, উপজেলা শিক্ষা অফিসার, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহন করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র ও নথি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম সরকার, উপজেলা শিক্ষা অফিসার, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ-এর ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১(এক) বছরের জন্য স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
সচিব।

---

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
## শিক্ষা মন্ত্রণালয়
## সরকারি কলেজ-৩ অধিশাখা

### অফিস আদেশ

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ ১৪২৫ /১২ জুন ২০১৮

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৯.১৭.২৭২—যেহেতু জনাব মোঃ সোলায়মান, প্রভাষক (হিসাববিজ্ঞান), চরফ্যাশন সরকারি কলেজ, ভোলা পিতা : মাহাবুবুর রহমান, সাং- চরফ্যাশন পৌরসভা, ওয়ার্ড:০৫ মামলা নং-০১, তারিখ: ০১.০৬.২০১৭ মোতাবেক গ্রেফতারপূর্বক জেল হাজতে থাকায় ১৪.০৬.২০১৭ তারিখ থেকে তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে তিনি মামলা হতে অব্যাহতির জন্য সংশ্লিষ্ট আদালতে আবেদন করলে, বিজ্ঞ আদালত ২১.১১.২০১৭ তারিখ হতে মামলা হতে অব্যাহতি প্রদান করেন। সে পরিপ্রেক্ষিতে তাকে চাকরিতে পুনর্বহাল করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, মাননীয় আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ সোলায়মান, প্রভাষক (হিসাববিজ্ঞান), চরফ্যাশন সরকারি কলেজ, ভোলা এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক চাকরিতে পুনর্বহালসহ বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
## বিদ্যালয়-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৯ ভাদ্র ১৪২৫ /১৩ সেপ্টেম্বর ২০১৮

নং ৩৮.০০৮.০৩৪.০০.০০.০০৭.২০১৩-৭৪৩—পিরোজপুর শহরস্থ "৭৬নং পশ্চিম পিরোজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়"-এর নাম পরিবর্তন করে "পশ্চিম পিরোজপুর বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়" নামকরণ করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আব্দুল ওয়াহেদ**
উপসচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## স্বাস্থ্য সেবা বিভাগ
## সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা

### পরিপত্র

তারিখ : ১৭ জুলাই ২০১৮ খ্রিঃ

নং ৪৫.০০.০০০০.১৫৫.৯৯.০১০.১৮-৭৮৭—অর্থ বিভাগের ১১-০৬-২০১৮ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.২৭.০০২.১৫-৩৩ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালসহ দেশের সকল সরকারি হাসপাতালে বোনম্যারো ট্রান্সপ্লান্ট সংক্রান্ত বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার ইউজার ফি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারণ করা হলো ঃ

| ক্রমিক নং | পরীক্ষা-নিরীক্ষার নাম | প্রস্তাবিত ফি |
|---|---|---|
| 1 | Bone Marrow aspiration | ১০০০/- |
| 2 | Bone Marrow trephine biopsy Collection | ১০০০/- |
| 3 | Bone Marrow trephine with imprint | ১২০০/- |
| 4 | Cytochemistry: PAS/MPO/SBB | ৫০০/- |
| 5 | Cytochemistry:NAP scoring | ১৫০০/- |
| 6 | Bone Marrow Iron staining | ৫০০/- |
| 7 | Urine for Hemosederin | ৫০০/- |
| 8 | Himoglobin H inclusion detection | ৫০০/- |
| 9 | Sickling test | ৪০০/- |
| 10 | Osmotic Fragility test | ৫০০/- |
| 11 | Ham's test | ৫০০/- |
| 12 | CSF cytosine | ৫০০/- |
| 13 | Buffy coat preparation and examinatiom | ৫০০/- |
| 14 | Activated Partial thromboplastin time (APTT) | ৩০০/- |
| 15 | Thrombin Time | ৫০০/- |
| 16 | D-Dimer | ৬০০/- |
| 17 | FDP | ৬০০/- |
| 18 | Fibrinogen | ৬০০/- |
| 19 | Clot Retraction test | ২০০/- |
| 20 | Clot Solubility test | ৩০০/- |
| 21 | Mixing study of clotting | ৫০০/- |
| 22 | Factor VII assay | ৬০০/- |
| 23 | Factor IX assay | ৬০০/- |
| 24 | vWF antigen assay | ৫০০০/- |

| ক্রমিক নং | পরীক্ষা-নিরীক্ষার নাম | প্রস্তাবিত ফি |
|---|---|---|
| 25 | Ristocetin co-factor (vWF function) activity | ২০০০/- |
| 26 | Platest aggregometry | ৩০০০/ |
| 27 | Platelet function analysis (PFA) | ১৫০০/- |
| 28 | Hemoglobin Electrophoresis (capillary) | ৬০০/- |
| 29 | Hemoglobin electrophoresis (agar gel) | ৫০০/- |
| 30 | Serum Protein Electrophoresis | ৬০০/- |
| 31 | Urine Electrophoresis | ১০০০/- |
| 32 | Serum protein Immunoelectrophoresis/ Immunofixation/ immnodisplacement | ৬০০০/- |
| 33 | Urine immuoeletrophoresis | ২৫০০/- |
| 34 | HLA-A, B.DR Genotyping | ১২০০০/- |

**শর্তসমূহ ঃ**

(ক) এ বাবদ আদায়কৃত রাজস্ব সরকারি কোষাগারে কোড ১-২৭১৫-০০০০-১৮৬৩ এ জমা করতে হবে;

(খ) সরকারি কর্মচারি (চিকিৎসা সুবিধা) বিধিমালা, ১৯৭৪ এর আওতায় সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের চিকিৎসা সংক্রান্ত সকল সুযোগ সুবিধা বহাল থাকবে;

(গ) বীর মুক্তিযোদ্ধা, দুস্থ ও গরীব রোগীদের চিকিৎসা ও রোগ নির্ণয় পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত সরকারি আদেশ বহাল থাকবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**রেহানা ইয়াছমিন**
উপসচিব।

---

**[একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**

**পরিপত্র**

তারিখ : ১৭ জুলাই ২০১৮ খ্রিঃ

নং **৪৫.০০.০০০০.১৫৫.৯৯.০১০.১৮-৭৯০**—অর্থ বিভাগের ১১-০৬-২০১৮ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.২৭.০০২.১৫-৩৩ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালসহ দেশের সকল সরকারি হাসপাতালে Recepter Analysis মেশিন দ্বারা পরীক্ষা-নিরীক্ষার ইউজার ফি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারণ করা হলো ঃ

| ক্রমিক নং | বিবরণ | অনুমোদিত ফি |
|---|---|---|
| ১ | Estrogen Receptor(ER), Progestogen Receptor(PR), Human Epidernal Receptor-2 (HER-2) মেশিন দ্বারা পরীক্ষা-নিরীক্ষা | ৫০০০/- |

**শর্তসমূহ ঃ**

(ক) এ বাবদ আদায়কৃত রাজস্ব সরকারি কোষাগারে কোড ১-২৭১৫-০০০০-১৮৬৩ এ জমা করতে হবে;

(খ) সরকারি কর্মচারি (চিকিৎসা সুবিধা) বিধিমালা, ১৯৭৪ এর আওতায় সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের চিকিৎসা সংক্রান্ত সকল সুযোগ সুবিধা বহাল থাকবে;

(গ) বীর মুক্তিযোদ্ধা, দুস্থ ও গরীব রোগীদের চিকিৎসা ও রোগ নির্ণয় পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত সরকারি আদেশ বহাল থাকবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**রেহানা ইয়াছমিন**
উপসচিব।

---

**পরিপত্রসমূহ**

তারিখ : ১৭ জুলাই ২০১৮ খ্রিঃ

নং **৪৫.০০.০০০০.১৫৫.৯৯.০১০.১৮-৭৯১**—অর্থ বিভাগের ১১-০৬-২০১৮ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.২৭.০০২.১৫-৩৩ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতালসহ দেশের সকল সরকারি হাসপাতালে বক্ষব্যাধি রোগ সংক্রান্ত নিম্নোক্ত পরীক্ষা-নিরীক্ষার ইউজার ফি শর্ত সাপেক্ষে নির্ধারণ করা হলো ঃ

| ক্রমিক নং | টেস্টের নাম | প্রস্তাবিত ফি |
|---|---|---|
| ১ | polysomnography | ৫০০০/- |
| ২ | Diffusion Capacity of Lungs For Carbon Monoxide (DLCO) | ১০০০/- |
| ৩ | Whole body plethosmography | ৪০০০/- |
| ৪ | Complete pulmonary Function Test | ১৬০০/- |
| ৫ | Cardio pulmonary Exercise Test (CPET) | ১৬০০/- |
| ৬ | 6 Minute Work Test (6MWT) | ১০০/- |
| ৭ | Adenosine Deaminase Assay (ADA) | ৪৫০/- |

**শর্তসমূহ ঃ**

(ক) এ বাবদ আদায়কৃত রাজস্ব সরকারি কোষাগারে কোড ১-২৭১৫-০০০০-১৮৬৩ এ জমা করতে হবে;

(খ) সরকারি কর্মচারি (চিকিৎসা সুবিধা) বিধিমালা, ১৯৭৪ এর আওতায় সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের চিকিৎসা সংক্রান্ত সকল সুযোগ সুবিধা বহাল থাকবে;

(গ) বীর মুক্তিযোদ্ধা, দুস্থ ও গরীব রোগীদের চিকিৎসা ও রোগ নির্ণয় পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত সরকারি আদেশ বহাল থাকবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১৫৫.৯৯.০১০.১৮-৭৮৯**—অর্থ বিভাগের ১১-০৬-২০১৮ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.২৭.০০২.১৫-৩৩ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালসহ দেশের সকল সরকারি হাসপাতালে রেসপিরেটরি মেডিসিন বিভাগে স্পাইরোমেট্রি পরীক্ষার ইউজার ফি ২০০/- (দুইশত) টাকা হারে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারণ করা হলো ঃ

শর্তসমূহ ঃ

(ক) এ বাবদ আদায়কৃত রাজস্ব সরকারি কোষাগারে কোড ১-২৭১৫-০০০০-১৮৬৩ এ জমা করতে হবে;

(খ) সরকারি কর্মচারি (চিকিৎসা সুবিধা) বিধিমালা, ১৯৭৪ এর আওতায় সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের চিকিৎসা সংক্রান্ত সকল সুযোগ সুবিধা বহাল থাকবে;

(গ) বীর মুক্তিযোদ্ধা, দুস্থ ও গরীব রোগীদের চিকিৎসা ও রোগ নির্ণয় পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত সরকারি আদেশ বহাল থাকবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.০০.০০০০.১৫৫.৯৯.০১০.১৮-৭৮৮—অর্থ বিভাগের ১১-০৬-২০১৮ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.২৭.০০২.১৫-৩৩ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালসহ দেশের সকল সরকারি হাসপাতালে Ultrasonography Guided পরীক্ষাসহ নিম্নবর্ণিত পরীক্ষা-নিরীক্ষার ইউজার ফি শর্ত সাপেক্ষে নির্ধারণ করা হলো ঃ

| ক্রমিক নং | পরীক্ষা-নিরীক্ষার নাম | প্রস্তাবিত ফি |
|---|---|---|
| ১ | Pre Lasik Evaluation | ২৫০০/- |
| ২ | Femto Laseik Surgery | ৫০০০/- |
| ৩ | USG guided joint injection | ৫০০/- (ঔষধ ব্যতীত) |
| ৪ | USG guided epidural injection | ৭০০/- (ঔষধ ব্যতীত) |
| ৫ | USG guided nerve block | ৫০০/- (ঔষধ ব্যতীত) |
| ৬ | Diagnostic MSK USG of a joint (e.g. shoulder joint, Knee joint) or a area of interest (e.g. calf) | ৩০০/- |
| ৭ | Spirometry with reversibility | ২০০/- |
| ৮ | Spirometry without reversibility | ১০০/- |

শর্তসমূহ ঃ

(ক) এ বাবদ আদায়কৃত রাজস্ব সরকারি কোষাগারে কোড ১-২৭১৫-০০০০-১৮৬৩ এ জমা করতে হবে;

(খ) সরকারি কর্মচারি (চিকিৎসা সুবিধা) বিধিমালা, ১৯৭৪ এর আওতায় সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের চিকিৎসা সংক্রান্ত সকল সুযোগ সুবিধা বহাল থাকবে;

(গ) বীর মুক্তিযোদ্ধা, দুস্থ ও গরীব রোগীদের চিকিৎসা ও রোগ নির্ণয় পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত সরকারি আদেশ বহাল থাকবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রেহানা ইয়াছমিন
উপসচিব।

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রবিধি অনুবিভাগ**
**প্রবিধি-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১২ আশ্বিন ১৪২৫ বঃ/২৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ

নং ০৭.০০.০০০০.১৭৩.৪৩.০৩৬.১৪.১০৮—সরকার পুলিশ বিভাগে কর্মরত পুলিশ ইন্সপেক্টরগণের দেশের সার্বিক আইন শৃঙ্খলা রক্ষা ও জনগণের নিরাপত্তা বিধানে কর্মক্ষেত্রে ঝুঁকির বিষয়টি বিবেচনাপূর্বক ‘ঝুঁকিভাতার’ পরিবর্তে তাঁদের অনুকূলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ‘বিশেষ ভাতা’ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

শর্তাবলি :

(ক) পুলিশ ইন্সপেক্টরগণ এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ‘বিশেষ ভাতা’ হিসেবে প্রতি অর্থ বছরের শেষ মাসে প্রাপ্য হবেন;

(খ) এ ভাতা প্রতি অর্থ বছরে একবার প্রাপ্য হবেন; এবং

(গ) পুলিশ ইন্সপেক্টরগণের জন্য প্রদত্ত ‘বিশেষ ভাতা’ ২০১৭-২০১৮ অর্থ বছর হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সুশান্ত কুমার সাহা
অতিরিক্ত সচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৪ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৩৩.০০.০০০০.১২৭.২২.০১৩.১৮.৩৩৪—ইলিশ সম্পদ সংরক্ষণে ইলিশের প্রধান প্রজনন মৌসুম আগামী ৭ অক্টোবর থেকে ২৮ অক্টোবর ২০১৮ খ্রি. (২২ আশ্বিন হতে ১৩ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ) পর্যন্ত মোট ২২ দিন "মা ইলিশ সংরক্ষণ অভিযান, ২০১৮" নির্ধারণ করে প্রজ্ঞাপন জারী করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনে সরকার কর্তৃক সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করা হয়েছে।

উক্ত অভিযান সফল করার জন্য সকল প্রকার যান্ত্রিক ও অযান্ত্রিক মৎস্য নৌযানসহ সকল ধরনের বানিজ্যিক ট্রলার দ্বারা সমুদ্র ও উপকূলীয় এলাকাসহ নদ-নদীতে মৎস্য আহরণ নিষিদ্ধ করা হলো।

০২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবু বকর সিদ্দিক
উপসচিব।

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখঃ ০৯ আশ্বিন, ১৪২৫/২৪ সেপ্টেম্বর ২০১৮

নং **৩৯.০০.০০০০.০১২.০০২.০১১.১৭.১৫৯**—২০১৮-২০১৯ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের "গবেষণা মঞ্জুরি" খাতের 'প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই/নির্বাচন এবং সুপারিশ প্রদানের জন্য **এগ্রিকালচার এন্ড এনভায়রনমেন্ট** বিষয়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১। অধ্যাপক ড. পরিমল কান্তি বিশ্বাস, এগ্রিকালচার বোটানী বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আক্তার, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৩। অধ্যাপক ড.আ.হ.ম.আব্দুল বাকী, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

৪। মোঃ রবিউল ইসলাম, যুগ্মসচিব, অধিশাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রবিউল ইসলাম**
যুগ্মসচিব।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## সুরক্ষা সেবা বিভাগ
## কারা-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখঃ ২৫ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/০৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৮৪.১৮.০১৪.২০১৮.৪২৯**—দেশের বিভিন্ন কারাগারে আটক বন্দিদের বর্তমান সংখ্যাধিক্য, ক্রমবর্ধমান বন্দি সংখ্যা, মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত অনুশাসন অনুযায়ী কারা বন্দিদের আত্মকর্মসংস্থানমূলক প্রশিক্ষণ প্রদান করে দক্ষ জনশক্তিতে পরিণত করার মাধ্যমে কারাগারসমূহকে সংশোধনাগারে রূপান্তর করার লক্ষ্যে বিভিন্ন জেলায় নতুনভাবে নির্মিত কারাগারকে 'কারাগার-১' এবং পুরানো কারাগারকে 'কারাগার-২' হিসেবে ব্যবহার করার জন্য সরকার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুর রউফ মিয়া**
উপসচিব।

## জননিরাপত্তা বিভাগ
## আইন-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখঃ ২ আশ্বিন ১৪২৫/১৭ সেপ্টেম্বর ২০১৮

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৬৩৬**—ঢাকা জেলার রামপুরা থানার মামলা নং-৬(০২)১৮ এ জব্দকৃত আলামত দিয়াশলাই, রশিদ বই, ভাউচার, সিডি, স্কচটেপ ও অন্যান্য মালামাল ইত্যাদি পরিক্ষান্তে ও পুলিশি তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামিরা বিজ্ঞ আদালতের রায় বানচালের লক্ষ্যে আওয়ামীলীগ নেতাকর্মীদের হত্যা, জখম করাসহ রাষ্ট্রীয় সম্পত্তির ক্ষতি করার লক্ষ্যে বাংলাদেশের জননিরাপত্তা বিপন্ন করার জন্য সাধারণের মধ্যে আতংক সৃষ্টি করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৬৩৭**—ঢাকা জেলার হাজারীবাগ থানার মামলা নং-৩০(০৩)১৮ এ জব্দকৃত আলামত দাওয়াতী বই ও লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে,আসামিরা সরকার কর্তৃক নিষিদ্ধ সংগঠন হিযবুত তাহরীর সদস্য পদ গ্রহণ এবং অন্যকেও উক্ত সংগঠনে যোগদানের জন্য আহবান করে লিফলেট বিতরণের উদ্দেশ্যে নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৬৩৮**—বগুড়া জেলার শেরপুর থানার মামলা নং-১৯, তারিখঃ ২৯-০৮-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই, ককটেল ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বিস্ফোরক দ্রব্য, ককটেল ও বিভিন্ন প্রকার জিহাদী বই নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭.৬৩৯**—বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সদর থানা আমলী আদালত, টাঙ্গাইল এর মামলা নং-৮৯০/২০১৭ (সদর) এর আসামীদের বিরুদ্ধে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক পেনাল কোডের ১২৩(ক), ১২৪, ৫০১, ৫০২, ৫০৫, ১০৯ ধারায় মামলা রুজুর লক্ষ্যে এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭.৬৪০—ফরিদপুর জেলার ভাঙ্গা থানার জিডি নং-১২১৮ তারিখ ২৪-০৪-২০১৮ এ আসামীদের বিরুদ্ধে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক মামলা রুজুর লক্ষ্যে এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

